

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩০৪৭

আগরতলা, ১৩ মার্চ, ২০২৫

ধলাই ডিস্ট্রিক্ট আর্লি ইন্টারভেনশন সেন্টারে  
ক্লাবফুট সনাক্ত হওয়া শিশুর চিকিৎসার সুযোগ



ধলাই জেলার রইস্যাবাড়ির দলপতি পাড়ার বাসিন্দা রতন চাকমার চার বছর বয়সী শিশু কন্যা রিসিকা চাকমা জন্মগত শারীরিক ত্রুটি নিয়ে জন্মগ্রহণ করে। জন্মের পরেই তার ক্লাবফুট জনিত ত্রুটি দেখা যায়। এই অবস্থায় রতন চাকমা তার শিশু কন্যাটির ক্লাবফুট জনিত ত্রুটি স্বাভাবিক হবে না ধরে নিয়েই শিশুটির সুস্থতার জন্য কোন চিকিৎসকের সঙ্গে যোগাযোগ করেননি। গত ৭ মার্চ দলপতি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের এক মেগা শারীরিক ত্রুটি সনাক্তকরণ শিবিরের আয়োজন করা হয়। এই শিবিরে রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মোবাইল হেলথ টিম ঐ শিশুটির ক্লাবফুট জনিত শারীরিক ত্রুটি সনাক্ত করেন। তখন এই শিবিরেই মোবাইল হেলথ টিমের চিকিৎসকগণ শিশুটিকে ধলাই ডিস্ট্রিক্ট আর্লি ইন্টারভেনশন সেন্টারে (ডিইআইসি) উন্নত চিকিৎসার জন্য রেফার করেন। শিশুটির পিতা গত ১১ মার্চ শিশুটিকে নিয়ে ধলাই ডিস্ট্রিক্ট আর্লি ইন্টারভেনশন সেন্টারে (ডি.ই.আই.সি) যান। এই সেন্টারের (ডি.ই.আই.সি) চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীরা বিনামূল্যে শিশুটিকে প্রাথমিক পরীক্ষা নিরীক্ষা করেন এবং শিশুটির ক্লাবফুটের চিকিৎসার জন্য কাস্টিং প্রক্রিয়াটি শুরু করেন। চিকিৎসা পরিষেবায় ধলাই ডিস্ট্রিক্ট আর্লি ইন্টারভেনশন সেন্টারের (ডি.ই.আই.সি) চিকিৎসক ও স্বাস্থ্যকর্মী সহ রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের ফিজিওথেরাপিস্ট লিটন কলই ও সালেমা রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের ফার্মাসিস্ট প্রীতম দত্ত যুক্ত ছিলেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*